গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১৩২.১৪৬.১৯-৩৪

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়** : **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ; বৃহস্পতিবার; সময় সকাল ১০.৩০ মিনিট।
স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মলন কক্ষ (কক্ষ নং-২১৫)।
সভাপতি : **নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।**
**উপস্থিতি** : পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ প্রণয়ন সংক্রান্ত অনুষ্ঠিত সভার আলোচ্যসূচির মর্মানুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **"বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ চূড়ান্তকরণ:**<br>সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১) উদযাপনকে সামনে রেখে ট্রাস্ট এর কর্মপরিকল্পনার অংশ হিসেবে "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ চূড়ান্তকরণ সংক্রান্ত খসড়া সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করেন।<br>আলোচনায় অংশগ্রহণ করে ট্রাস্ট এর উপ-পরিচালক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক প্রণীত "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ চূড়ান্তকরণে উপস্থিত সকলের গুরুত্বপূর্ণ মতামতসহ সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) প্রণয়নকৃত খসড়া নীতিমালার বিষয়ে বিস্তারিত দিক নির্দেশনা প্রদানসহ সভায় উপস্থিত সকল সদস্যদের মতামত গ্রহণপূর্বক যাচাই-বাছাই করে কার্যক্রম দেখার জন্য অনুরোধ করেন।<br>বাংলাদেশ বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের প্রতিনিধি মতামত ব্যক্ত করে বলেন যে, "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ ট্রাস্ট কর্তৃক প্রণয়ন একটি যুগোপযোগী কার্যক্রম যার মাধ্যমে সারা দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শিক্ষার্থীরা জাতীয়ভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে মেধার বিকাশ ঘটাতে সক্ষম হবে।<br>ঢাকা মেডিকেল কলেজের মেডিসেন বিভাগের অধ্যাপক ডা: মো: টিটো মিঞা প্রণয়নকৃত খসড়া নীতিমালার স্কলার প্রদানের পরিমাণসহ স্কলারের অধিক্ষেত্র বিষয়ে বলেন যে, নীতিমালায় উল্লেখিত প্রতিটি অধিক্ষেত্র স্পষ্ট রয়েছে ফলে সকল পর্যায়ের শিক্ষার্থীগণ অংশগ্রহণের সুযোগ পাবে। তবে, চিকিৎসার ক্ষেত্রে বেসিক সাইন্স ও ক্লিনিক্যালে আলাদাভাবে স্কলারশিপ প্রদানের বিষয়ে তাঁর মতামত ব্যক্ত করেন।<br>বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা: মো: মনিরুজ্জামান খান স্নাতকোত্তর শিক্ষার্থীর ক্ষেত্রে স্কলারশিপ এক বছর না করে দু'বছর করার পক্ষে তাঁর মতামত উপস্থাপন করেন।<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রফেসর সাইফুল ইসলাম সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ প্রণয়ন বর্তমান সরকারের শিক্ষা ক্ষেত্রে একটি যুগান্তকারী উদ্যোগ যা সারা বছর অব্যাহতভাবে উচ্চ শিক্ষায় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিসহ সকল পর্যায়ের শিক্ষার্থী উপকৃত হবে। তিনি আরো বলেন যে, "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ এর প্রতিটি বিষয় খুবই স্পষ্টভাবে উল্লেখ রয়েছে যা বস্তুনিষ্ঠতা বহন করবে এবং এ বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।<br>সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ট্রাস্ট কর্তৃক গৃহীত কার্যক্রম হিসেবে "বঙ্গবন্ধু স্কলার" নির্বাচন নীতিমালা, ২০২০ চূড়ান্তকরণসহ এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করা খুবই জরুরি।<br>সভাপতি আরো অবহিত করেন যে, দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যায়নরত শিক্ষার্থীদের জাতীয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে নির্ধারিত পদ্ধতিতে স্কলার নির্বাচন এবং স্কলারশিপ প্রদান করা এ নীতিমালার মূল উদ্দেশ্য এবং এ নীতিমালাটি বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | "বঙ্গবন্ধু স্কলার" নীতিমালা, ২০২০ চূড়ান্ত অনুমোদন ও বাজেট প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |

৩.০ আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.১২.১৯

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৪২৫
e-mail: dd@pmedutrust.gov.bd

**বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), আগারগাঁও, ঢাকা।
৩। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
৫। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

নং-৩৭.২৪.০৪.০০০০.১৩২.১৪৬.১৯-

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬। অফিস কপি।

১১.১২.১৯

**(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)**
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
e-mail: ad.planning@pmedutrust.gov.bd